



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
(পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতাধীন একটি
প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়, ঢাকা।

Website: www.pdbf.gov.bd

Telephone: 02-8032936, Fax:8031597, E-mail: Info@pdbf.gov.bd



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীঃ

তারিখঃ ২৫/০২/২০২০খিঃ

স্থানঃ পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

২৫/০২/২০২০খিঃ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ইনোভেশন অফিসার জনাব মুহিউদ্দিন আহমদ পানু। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচিত বিষয়-১: পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্বের সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।

আলোচিত বিষয়-২: পিডিবিএফ এর ই-নথি কার্যক্রমকে বেগবান করার জন্য আইটি শাখাকে সংশ্লিষ্ট করার বিষয়ে নির্দেশনা দেয়া হয়। একইসাথে পরবর্তীতে পিডিবিএফ এর আঞ্চলিক এবং উপজেলা পর্যায়ে ই-নথি কার্যক্রমকে সম্প্রসারণ করার সম্ভব কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা করা হয়।

আলোচিত বিষয়-৩: পিডিবিএফ এর ফেসবুক পেইজ এ দারিদ্র্য বিমোচন কার্যক্রম এর বিভিন্ন তথ্য ও সফলতা জনগণের নিকট তুলে ধরার বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। এ ধরনের কার্যক্রম নিয়মিত চলমান রাখা সম্ভব হলে পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নে এবং উন্নত সেবা পেতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এসময় পিডিবিএফ এর চলমান ফেসবুক এবং ইউটিউব ভিত্তিক সোশ্যাল মিডিয়া কার্যক্রমের বর্তমান অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ই-নথির কর্মপরিধি বৃদ্ধিতে আইটি শাখা সরাসরি তত্ত্বাবধায়ন করবে।

২. পিডিবিএফ এর দারিদ্র্য বিমোচন কার্যক্রম এর বিভিন্ন তথ্য ও সফলতা জনগণের নিকট তুলে ধরার ক্ষেত্রে ফেসবুক পেইজের ব্যবহার আইটি শাখা কর্তৃক নিশ্চিতকরণ।

০৩। বিবিধঃ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মুহিউদ্দিন আহমদ পানু)

ইনোভেশন অফিসার

এবং

পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)